Class test        F.M - 10        13/05/26

1. নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তর বেছে নিয়ে লেখ:

ক) “ শিশুগণ দেয় মন” - শিশুরা কোথায় মনোনিবেশ করে?
ফুল তুলতে / সকালবেলা মাঠে যেতে / নিজের পাঠে মন দিতে / মুখ ধুতে।

খ) প্রভাত কবিতায় সকালে প্রকৃতির যে পরিবর্তনের কথা বলা হয়েছে, তা থেকে কোন শিক্ষাটি পাওয়া যায়?
সারাদিন ঘুমিয়ে থাকা উচিত / ভোরে উঠে কর্মঠ হওয়া ভালো / শুধু খেলাধুলা করা দরকার / রাতে পড়াশোনা করা উচিত ।

গ) রাহুল প্রতিদিন সকালে তাড়াতাড়ি উঠে পড়ে পাখির ডাক শোনে এবং পড়াশোনা করে। প্রভাত কবিতার ভাব অনুযায়ী রাহুলের এই অভ্যাস কে কি বোঝায়?
অলসতা / কর্মঠতা ও নিয়মানুবর্তিতা / দুষ্টুমি / উদাসীনতা ।

ঘ) রাতের শিশির কোথায় পড়ে ?
পাতায় / পাথরে / বাড়ির চালে / রাস্তায় ।

ঙ) ভোরবেলায় তুমি দেখলে পাখিরা ডাকছে, সূর্য
উঠছে এবং চারদিকে আলো ছড়িয়ে পড়ছে। প্রভাত কবিতার সঙ্গে এই দৃশ্যের কোন বিষয়টি মিল রয়েছে?
রাতের নীরবতা / সকালের প্রকৃতির সৌন্দর্য / ঝড়বৃষ্টির দৃশ্য / দুপুরের গরম আবহাওয়া ।

চ) তোমাদের বলা হলো “প্রভাত” কবিতার ভাব অনুযায়ী একটি কাজ করতে — “সকালের প্রকৃতির ছবি আঁকো।” নিচের কোন ছবিটি কবিতার ভাবের সঙ্গে সবচেয়ে বেশি মিলবে?
আকাশে তারা ও চাঁদ / সূর্যোদয় ও পাখির ডাক / প্রবল বৃষ্টি ও ঝড় / রাতের অন্ধকার রাস্তা ।

ছ) মন্তব্য : বাগানে মালতী ফুল ফুটল।
কারণ: সুন্দর গন্ধ ছড়িয়ে পড়লো।
মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

জ) কিসের লোভে অলিরা ছুটে আসে?
মধু / ফুল / মোম / রস ।

2. নিচের প্রশ্নটির উত্তর দাও :

ক) কোন ফুলের গন্ধ তোমার ভালো লাগে? সুন্দর গন্ধ আছে এমন দুটি ফুলের নাম লেখ।